দৈনিক সংবাদ

066

তারিখ 09 JAN 1988
পৃষ্ঠা ... কলাম 2

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়ার দাবী

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৮ই জানুয়ারী।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার আগেই আকস্মিকভাবে বন্ধ ঘোষণার প্রতিবাদে ও তা খুলে দেয়ার দাবীতে আজ ছাত্ররা উপাচার্যের বাসভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করে। সিন্ডিকেটের আজকের সভায় বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও এখনো যারা হলে অবস্থান করছে তাদের ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি। উপাচার্যের ক্যাম্পাসে যাবার বিষয়টি এখনো অনিশ্চিত।

আজ বিকেলে উপাচার্যের শহরস্থ বাসভবনে সিন্ডিকেটের সভা চলাকালে পাঁচ শতাধিক ছাত্রছাত্রী বিশ্ববিদ্যালয় খোলার এবং উপাচার্যকে ক্যাম্পাসে ফিরে যাবার দাবী জানায়। ছাত্ররা উপাচার্যের সাথে সাক্ষাৎ করতে চাইলে তিনি অস্বীকৃতি জানান। ছাত্ররা এক পর্যায়ে বিক্ষুব্ধ হয়ে উঠলে পুলিশও উপাচার্যের বাসভবনে অবস্থান নেয়। সিন্ডিকেট সদস্যদের অনুরোধের প্রেক্ষিতে উপাচার্যের অনুমতিক্রমে বিশ্ববিদ্যালয়ের ১০টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ সভাকক্ষে উপস্থিত হয়ে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি স্বাভাবিক বলে জানায়। তারা দূরদূরান্ত থেকে আগত ছাত্রছাত্রীদের দুর্দশা লাঘবের জন্য হলগুলো খুলে দেয়ার দাবী জানায়। ছাত্র নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখার অঙ্গীকার প্রদান করলে সিন্ডিকেটের অধিকাংশ সদস্য ছাত্রদের দাবীর যৌক্তিকতা স্বীকার করেন।